14

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 1 JUN 1997 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ... ......

## প্রসঙ্গ ঃ স্কুল-কলেজের ছুটি

সরকার ৩১ মে হইতে ২ দিনের সরকারী ছুটি ঘোষণা করিয়াছেন। ২ দিনের সরকারী ছুটি বাংলাদেশের জন্য ভাল না মন্দ তাহা সময়ই বলিয়া দিবে। তবে ২ দিনের সাপ্তাহিক ছুটি সরকারী এবং বেসরকারী স্কুল-কলেজের জন্য মোটেই ভাল হইবে না। কারণ, স্কুল-কলেজে সরকারী ছুটি এমনিতেই বছরে ১৩৭ দিন। ইহাছাড়া এস, এস-সি এবং এইচ, এস-সি পরীক্ষার জন্য বন্ধ থাকে প্রায় ১ মাস। পবিত্র রমজানের জন্যও বন্ধ থাকে ১ মাস। তদুপরি বিভিন্ন অপ্রত্যাশিত ও অনাকাঙ্ক্ষিত কারণেও বন্ধ থাকে অনেক দিন। এসব বন্ধ ছাড়াও হরতাল এবং ধর্মঘটের কারণে স্কুল-কলেজে ঠিকমত ক্লাস হয় না। এইসব কারণে সেশন শেষে দেখা যায় সিলেবাস সম্পূর্ণ হয় নাই। ইহার উপর এখন যদি স্কুল-কলেজের সাপ্তাহিক ছুটি ২ দিন হয়, তাহা হইলে লেখা-পড়ার যে আরো বেশি ক্ষতি হইবে তাহা নিশ্চিত করিয়া বলা যায়। তাই প্রাথমিক স্কুলসহ সকল স্কুল-কলেজের সাপ্তাহিক ছুটি ১ দিন (শুক্রবার) রাখার জন্য শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—বাসার, আনিছ, এফ, আই, মনজিল, বাগিচাগাঁও, কুমিল্লা।